

আমাদের এন আর সি ন্যাযসংগত এন আর সি



গ্রাম পঞ্চায়েতের সচিব / লাট মণ্ডল / চক্র আধিকারীকে
দ্বারা প্রদান করা প্রমাণপত্রের বিশেষ পরীক্ষণ
আগামী ২ এপ্রিল ২০১৮ তারিখ থেকে শুরু হবে

- ❖ মহামান্য উচ্চতম ন্যায়ালয়ের নির্দেশ অনুসারে বিবাহিতা মহিলাদের দ্বারা লিগেসি ব্যক্তির সংগে সম্পর্কের যোগসূত্র স্থাপন করার জন্য দাখিল করা গ্রাম পঞ্চায়েতের সচিব / লাট মণ্ডল / চক্র আধিকারীকে দ্বারা প্রদান করা প্রমাণপত্রসমূহের বিস্তৃত পরীক্ষণের প্রয়োজন আছে।
- ❖ এই পরীক্ষণ শুনানী গ্রহণ পদ্ধতিতে পরিচালনা করা হবে যেখানে বিবাহিতা মহিলাদের উপস্থিত থাকতে হবে। প্রমাণপত্র প্রদান করা কর্তৃপক্ষ (গ্রাম পঞ্চায়েতের সচিব / লাট মণ্ডল / চক্র আধিকারীক) এই শুনানীতে উপস্থিত থেকে তাদের দ্বারা প্রদান করা প্রমাণপত্রের ভিত্তি প্রতিপন্ন করবেন।
- ❖ আবেদনকারীকে প্রমাণপত্রের মূল কপি সংগে আনতে হবে। মূল কপি সংগে না থাকলে তার একটি ফটোকপি সংগে আনতে হবে। এছাড়া আবেদনকারীর প্রমাণপত্রে ঘোষিত সম্পর্কের যোগসূত্রের সত্যতা নিরূপণ করতে পারে এমন কোন সাক্ষ্য / প্রমাণও দাখিল করতে পারেন। এই সন্দর্ভে, তারা লিগেসি ব্যক্তি বা লিগেসি ব্যক্তির অন্য বংশধরকে তাদের দ্বারা দাবী করা সম্পর্কের যোগসূত্র প্রতিপন্ন করার উদ্দেশ্যে সাক্ষ্য দেওয়ার জন্য সংগে আনতে পারবেন।
- ❖ আবেদনকারীর প্রতি প্রমাণপত্র প্রদান করা গ্রাম পঞ্চায়েত / লাট মণ্ডল / চক্র আধিকারীকে কার্যালয়ের সমীপবর্তী স্থানে শুনানী কেন্দ্রে উপস্থিত হওয়ার জন্য বিজ্ঞপ্তি দেওয়া হবে। এন আর সি র ক্ষেত্রভিত্তিক কর্মচারীগণ বাড়ী বাড়ী গিয়ে এই বিজ্ঞপ্তি দিয়ে আসবেন যেখানে শুনানীর তারিখ, সময় এবং স্থানের উল্লেখ থাকবে।
- ❖ কোন তৃতীয় পক্ষ বা পরিবারের বাইরের কোন সদস্যকে এই শুনানীতে অংশগ্রহণ করতে দেওয়া হবে না।
- ❖ এই বিশেষ পরীক্ষণ কার্যসূচী গ্রামাঞ্চলে গ্রাম পঞ্চায়েতের সচিব দ্বারা, ডিমা হাসাও / কার্বি আংলং, কোকরাঝার / চিরাং / বাক্সা এবং ওদালগুরি জেলাতে লাট মণ্ডলের দ্বারা এবং শহরাঞ্চলে রাজস্ব চক্র আধিকারীক দ্বারা প্রদত্ত প্রমাণপত্রসমূহের ক্ষেত্রে প্রযোজ্য হবে।
- ❖ আবেদনকারী শুনানীতে উপস্থিত না থাকলে, তার অনুপস্থিতিতে শুনানী পরিচালনা করা বিশেষ পরীক্ষণকারী আধিকারীক সম্পর্কের যোগসূত্র স্থাপনকারী নথি হিসাবে প্রমাণপত্রের গ্রহণযোগ্যতার বিষয়ে সিদ্ধান্ত নেবেন।
- ❖ কোন অবিবাহিতা মহিলা বা পুরুষ দ্বারা দাখিল করা প্রমাণপত্র গ্রহণযোগ্য হবে না।
- ❖ শুনানীতে অংশগ্রহণকারী ব্যক্তিকে নিজে র পরিচয়সূচক বৈধ ফটো পরিচয়পত্র সংগে আনাটা বাধ্যতামূলক।
- ❖ উল্লেখিত প্রমাণপত্র যদি প্রকৃতই এই বিজ্ঞপ্তিতে উল্লেখ করা গ্রাম পঞ্চায়েত / রাজস্ব আধিকারীক দ্বারা প্রদত্ত না হয়ে থাকে, তাহলে আবেদনকারীকে তার আবেদনপত্র দাখিল করা অনুমোদিত নাগরিকপঞ্জী সেবা কেন্দ্রের (NSK) সংগে যোগাযোগ করতে অনুরোধ জানানো হল।

শুনানীর স্থান খুঁজে পেতে অসুবিধার সম্মুখীন হলে অনুগ্রহ করে আমাদের বিনামূল্যের হেল্পলাইন নম্বর 15107 (অসমে), 18003453762 (অসমের বাইরে থেকে) ফোন করতে পারেন বা আমাদের ওয়েবসাইট (<http://nrcassam.nic.in/ftvc2.html>) দেখতে পারেন বা আমাদের ফেসবুক পৃষ্ঠা বা টুইটারে আপনার প্রশ্ন উত্থাপন করতে পারেন।

জনহিতার্থে প্রচারিত

রাজ্যিক সমন্বয়ক, এন আর সি, অসম সরকার

নাগরিক পঞ্জীয়নের মহাপঞ্জীয়ক, গৃহ মন্ত্রণালয়, ভারত সরকার

বিশদভাবে জানতে
এবং সহায়তার জন্য

আমাদের ২৪ x ৭ বিনামূল্যের
হেল্পলাইন নম্বরে ফোন করুন

২৫১০৭ (অসমের জন্য)
১৮০০৩৪৫৩৭৬২
(অসমের বাইরে থেকে)

আমাদের ওয়েবসাইট
www.nrcassam.nic.in

f nrcassam

@NRCupdateAssam

এ

আমাদের অনুসরণ করুন